

(প্রেস বিজ্ঞপ্তি)

১৬ ফেব্রুয়ারী ২০২২

বইমেলায় প্রস্তুতি পরিদর্শনে ভারপ্রাপ্ত মেয়র

**সার্বিক সাজসজ্জা যাতে**

**ভাষা দিবস সম্পর্কীয় হয়**

২০ ফেব্রুয়ারি রোববার থেকে শুরু হতে যাওয়া এম.এ আজিজ স্টেডিয়াম সংলগ্ন জিমেনেসিয়াম মাঠে অমর একুশে বইমেলায় সার্বিক প্রস্তুতি আজ বুধবার বিকেলে পরিদর্শন করেছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত মেয়র আবদুস সবুর লিটন। পরিদর্শনকালে তিনি প্রকাশনা সংস্থাগুলোর স্টল তৈরির কাজ, মেলায় প্রতিদিনের অনুষ্ঠিতব্য আলোচনা সভার মঞ্চের স্থানসহ মাঠের পুরো এলাকা ঘুরে দেখেন। বইমেলা যেহেতু অমর একুশকে ঘিরে তাই মেলায় মঞ্চ, বরাদ্দপ্রাপ্ত স্টলসজ্জা যাতে ভাষা দিবসের ইতিহাস ঐতিহ্য লড়াই সংগ্রাম সম্পর্কীয় হয় সে বিষয়ে মেলা কমিটির সদস্যদের সচেতন দৃষ্টি রাখতে ভারপ্রাপ্ত মেয়র নির্দেশনা প্রদান করেন। মেলায় আগত বইপ্রেমী পাঠকদের সুবিধার্থে মেলা প্রাঙ্গণে ধুলাবালি নিবারণে পানি ছিটানো, সার্বক্ষণিক জেনারেটর ও ড্রামামাণ টয়লেট'র ব্যবস্থা রাখা উচিত বলে অভিমত ব্যক্ত করেন লিটন।

উল্লেখ্য ১৮ ফেব্রুয়ারি মেলায় সার্বিক প্রস্তুতি নিয়ে সংবাদ সম্মেলন সকাল ১১টার পরিবর্তে বিকেল ৩টায় জিমেনেসিয়াম সংলগ্ন মেলা অফিসে অনুষ্ঠিত হবে। ২০ ফেব্রুয়ারি ভূমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী জাবেদ এমপি বিকেল ৩টায় মেলায় উদ্বোধন করবেন। উদ্বোধনী দিনে আলোচনা সভায় সভাপতিত্ব করবেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী। ওইদিন অনুষ্ঠানে চট্টগ্রামসহ দেশের কবি, সাহিত্যিকসহ বিশিষ্টজনদের উপস্থিত থাকার কথা রয়েছে।

পরিদর্শনকালে চসিক শিক্ষা স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান ও মেলা কমিটির আহ্বায়ক কাউন্সিলর ড. নিছার উদ্দিন আহমেদ মঞ্জু, কাউন্সিলর জহর লাল হাজারী, লায়ন মোহাম্মদ ইলিয়াছ, শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক সাইফুল আলম বাবু, কর্পোরেশনের উপ-সচিব আশেক রসুল চৌধুরী টিপু ভারপ্রাপ্ত মেয়রের সাথে ছিলেন।

চসিকের ড্রামামাণ আদালত পরিচালিত

**নির্দেশনা মোতাবেক সাইনবোর্ড বাংলায় না লেখায় ও**

**রাস্তা দখল করে ব্যবসা করায়**

**১৪ প্রতিষ্ঠানকে ৩৯ হাজার টাকা জরিমানা**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ বুধবার নগরীর জিইসি মোড়, দামপাড়া, লালদিঘীপাড় ও ধনিয়ালা পাড়া রোডের কদমতলী পর্যন্ত মোবাইল কোর্ট পরিচালিত হয়। নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলীর নেতৃত্বে নির্দেশনা মোতাবেক সাইনবোর্ডে বাংলা না লেখায় নগরীর জিইসি মোড়ের ইল্লিয়ীনা কে ১০ হাজার, ডালাস ফার্নিশিং ফেব্রিক্স কে ৫ হাজার, গ্রামসিকো কে ২ হাজার, আর্চিসকে গ্যালারী কে ১ হাজার, ওয়াসা মোড়ের চা-টাইম কে ৫ হাজার, লালদিঘীপাড়ে বাটা শোরুম কে ২ হাজার, অলব্রাড কে ১ হাজার ও এন্টিক কে ১ হাজার টাকা জরিমানা করা হয়। অপর অভিযানে স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজনের নেতৃত্বে ফুটপাথ ও রাস্তা দখল করে ব্যবসা পরিচালনা করার অপরাধে নগরীর ধনিয়ালাপাড়া রোডের কদমতলী পর্যন্ত ০৬ দোকানদারের বিরুদ্ধে মামলার রঞ্জু পূর্বক ১২ হাজার টাকা জরিমানা করা হয়।

অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটগনকে সহায়তা প্রদান করেন।

**স্বাক্ষরিত/-**

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩